


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




বৃহস্পতিবার | ২৭ অক্টোবর ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ৫২ সংখ্যা | ১১ কার্তিক ১৪২৯ সাল | ৩০ রবিউল আউয়াল ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

### প্রিমিয়ার ভার্সিটিতে ওরিয়েন্টেশনে উপাচার্য

# শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ মানবিক মানুষ হতে হবে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসা-প্রশাসন বিভাগের বিবিএ ৪৪তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম গতকাল বুধবার অনুষ্ঠিত হয়। প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, প্রফেসর একেএম তফজল হক প্রফেসর অমল ভূষণ নাগ। অনুষ্ঠানে সভাপতিত্ব প্রফেসর মোহাম্মদ মঈনুল হক।

প্রধান অতিথি বলেন, স্কুল-কলেজের শিক্ষাশেষে তোমরা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছো। বস্তুত তোমরা একটা বিশাল ক্ষেত্রে এসেছো। স্কুল-কলেজের শিক্ষা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মধ্যে অনেক তফাৎ রয়েছে। প্রাইমারিতে শিক্ষকরা তোমাদের হাত ধরে শিখিয়েছে। মাধ্যমিকে তোমরা একটু স্বাধীন হতে শিখেছো। কলেজে তোমরা আরও স্বাধীন হলেও সেখানে তোমরা পড়েছো নির্দিষ্ট সংখ্যক বই। বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান। এখানে নানা ধরনের বিশ্ববিদ্যা শিক্ষা দেওয়া হয়। শিক্ষকরা এমনসব উৎস বিশ্ববিদ্যালয়ে তোমাদেরকে দেবেন, যেসব উৎস অনুসরণ করে তোমরা জ্ঞানের পরিসর ক্রমশ বৃদ্ধি করতে পারবে।

ড. অনুপম সেন সময়ের ব্যবধানে বিজনেসের ধরন ও কৌশল পরিবর্তন হয় উল্লেখ করে বলেন, এমাজনের শুরু হয়েছিল অনলাইনে বইয়ের ব্যবসা দিয়ে। কিন্তু এখন এমাজন



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ব্যবসা-প্রশাসন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

যুক্তরাষ্ট্র ও অন্যান্য দেশে সবধরনের পণ্য অনলাইনে অর্ডার গ্রহণ করে ঘরে ঘরে পৌঁছে দেয়, যার ফলে আমেরিকার বড়ো বড়ো সুপার স্টোর, যেমন, ওয়াল মার্টের ব্যবসায় ধস নামে। ওয়াল মার্ট 'ফরচুন-৫০০'-এ ১ নম্বর ব্যবসা প্রতিষ্ঠান থেকে এখন অনেক নিচে নেমে গেছে। এভাবেই বিজনেসের ধরন বদলায়। ব্যবসা বিষয়ক শিক্ষার্থীদের শিক্ষা বিষয়ক জ্ঞান আহরণ করতে হবে বইয়ের পঠন-পাঠন থেকে এবং বিশ্বে ব্যবসার যে-নানা পরিবর্তন হচ্ছে তার সম্যক জ্ঞান অর্জন করে। ড. সেন শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ মানবিক মানুষ হওয়ার আহ্বান জানান।

উপ-উপাচার্য বলেন, তোমরা বিশ্ববিদ্যার স্বপ্ন ও আগ্রহ নিয়ে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পদার্পণ করেছো। এই স্বপ্ন ও আগ্রহ লালন করার সুযোগ তোমরা এখানে পাবে। এই স্বপ্নই তোমাদের পথ দেখিয়ে সামনে এগিয়ে নিয়ে যাবে। তোমাদের মেধাকেও তোমরা এখানে লালন করতে পারবে।

প্রফেসর একেএম তফজল হক বলেন, আমরা যদি একটি মানবিক মূল্যবোধসম্পন্ন জাতি গড়ে তুলতে না পারি, তাহলে আমাদের দেশের সকল উন্নয়ন অর্থহীন হয়ে যাবে। এ কারণে শিক্ষার্থীদের মানবসম্পদ হিসেবে গড়ে উঠতে হবে। এজন্য শিক্ষকদের দিক-নির্দেশনা শিক্ষার্থীদের যথাযথভাবে অনুসরণ করা দরকার।

প্রফেসর অমল ভূষণ নাগ বলেন, ছাত্রজীবনের মধ্যে সবচেয়ে সেরা সময় হলো বিশ্ববিদ্যালয়-জীবন। নবীন এই শিক্ষার্থীরা এটাকে সদ্ব্যবহার করলে তাদের ভবিষ্যত উজ্জ্বল হবে।

সভাপতি নবীন শিক্ষার্থীদেরকে শিক্ষকদের প্রদত্ত পাঠ ও দিক-নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার তাগিদ দেন। বিভাগের শিক্ষক নাঈমা নাজনিন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 27 October 2022, Page: 3, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2022-10-27

চট্টগ্রাম বৃহস্পতিবার ২৭ অক্টোবর ২০২২

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৭তম বর্ষ ২৪৫তম সংখ্যা।। ১১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ।। ৩০ রবিউল আউয়াল ১৪৪৪ হিজরি।। Thursday 27 October 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

A গ্রেড ক্লিংকার শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

cleanzy Formulations Ltd.
ক্লিনজি ডিটারজেন্ট পাউডার
Now Available @ daraz
Hotline : +8801962555444
www.cleanzybd.com



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ব্যবসা-প্রশাসন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

## ওরিয়েন্টেশনে উপাচার্য ড. অনুপম সেন

# শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ মানবিক মানুষ হতে হবে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসা-প্রশাসন বিভাগের বিবিএ ৪৪তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম গতকাল অনুষ্ঠিত হয়। সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হকের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন।

বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ।

প্রধান অতিথি বলেন, সময়ের ব্যবধানে বিজনেসের ধরন ও কৌশল পরিবর্তন হয়। এভাবেই বিজনেসের ধরন বদলায়। তিনি শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ মানবিক মানুষ হওয়ার আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক নবীন শিক্ষার্থীদেরকে শিক্ষকদের প্রদত্ত পাঠ ও দিক-নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার তাগিদ দেন। শিক্ষক নাঈমা নাজনিন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি




*থাইল্যান্ডে আকিজ সিরামিক্স, অরা এবং রোসা এর বিজনেস এসোসিয়েট্স ও কর্মকর্তাবৃন্দের সম্মিলন*

Ref: Daily Purbokone, Date: 27 October 2022, Page: 3, Col: 7
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-10-27

বৃহস্পতিবার
চট্টগ্রাম
২৭ অক্টোবর ২০২২
১১ কার্তিক ১৪২৯
৩০ রবিউল আওয়াল ১৪৪৪
বর্ষ-১০, সংখ্যা-৩০৪

১০ বছরে দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

▶ শুভ সকাল
রাষ্ট্রীয় স্বীকৃতি পাচ্ছেন একাত্তরের যুদ্ধশিশুরা

▶ দশ কথার এক কথা
যুদ্ধ থামাতে জাতিসংঘের দুর্বলতা রয়েছে: পররাষ্ট্রমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

▶ চট্টগ্রামে শনাক্ত ১,২৯,৪১৫ মৃত্যু ১,৩৬৭

▶ শেষ পাতায়
আয়ারল্যান্ডের আরেক অঘটনের শিকার হলো ইংল্যান্ড



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ব্যবসা-প্রশাসন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য দেন উপাচার্য ড. অনুপম সেন

# শিক্ষার্থীদের মানবিক মানুষ হতে হবে: ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসা-প্রশাসন বিভাগের বিবিএ ৪৪তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ২৬ অক্টোবর সকাল ১১টায় অনুষ্ঠিত এই ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন সময়ের ব্যবধানে বিজনেসের ধরন ও কৌশল পরিবর্তন হয় উল্লেখ করে বলেন, এমাজনের শুরু হয়েছিল অনলাইনে বইয়ের ব্যবসা দিয়ে। কিন্তু এখন এমাজন যুক্তরাষ্ট্র ও অন্যান্য দেশে সবধরনের পণ্য অনলাইনে অর্ডার গ্রহণ করে ঘরে ঘরে পৌঁছে দেয়; যার ফলে আমেরিকার বড়ো বড়ো সুপার স্টোর, যেমন, ওয়াল মার্টের ব্যবসায় ধস নামে। ওয়াল মার্ট 'ফরচুন-৫০০'-এ ১ নম্বর ব্যবসা প্রতিষ্ঠান থেকে এখন অনেক নিচে নেমে গেছে। এভাবেই বিজনেসের ধরন বদলায়। ব্যবসা বিষয়ক শিক্ষার্থীদের শিক্ষা বিষয়ক জ্ঞান আহরণ করতে হবে বইয়ের পঠন-পাঠন থেকে এবং বিশ্বে ব্যবসার যে-নানা পরিবর্তন হচ্ছে তার সম্যক জ্ঞান অর্জন করে। ড. সেন শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ মানবিক মানুষ হওয়ার আহ্বান জানান। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীন শিক্ষার্থীদের বলেন, তোমরা বিশ্ববিদ্যার স্বপ্ন ও আগ্রহ নিয়ে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পদার্পণ করেছো। এই স্বপ্ন ও আগ্রহ লালন করার সুযোগ তোমরা এখানে পাবে। এই স্বপ্নই তোমাদের পথ দেখিয়ে সামনে এগিয়ে নিয়ে যাবে। তোমাদের মেধাকেও তোমরা এখানে লালন করতে পারবে। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আমরা যদি একটি মানবিক মূল্যবোধসম্পন্ন জাতি গড়ে তুলতে না পারি, তাহলে আমাদের দেশের সকল উন্নয়ন অর্থহীন হয়ে যাবে। এ কারণে শিক্ষার্থীদের মানবসম্পদ হিসেবে গড়ে উঠতে হবে। এজন্য শিক্ষকদের দিক-নির্দেশনা শিক্ষার্থীদের যথাযথভাবে অনুসরণ করা দরকার।

Ref: Daily Purbodesh, Date: 27 October 2022, Page: 3, Col: 1
https://epurbodesh.com/index.php?date=27-10-2022&page=3

চট্টগ্রাম • বৃহস্পতিবার • ২৭ অক্টোবর ২০২২ • ১১ কার্তিক ১৪২৯ • ৩০ রবিউল আউয়াল ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ৭১

রূপান্তর নবযাত্রা ৩১

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ শিক্ষার্থীদের মানবসম্পদ করতে হবে

৫ নামে ৫০ শয্যা, ১০ শয্যার জনবলও নেই

৬ 'সিডনিতেও একজনের হিরো হওয়ার সম্ভাবনা আছে'



**মেক্সিকোর সৈকতে তানজিন তিশা**

ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী তানজিন তিশা। শোবিজে তার পথচলা শুরু হয়েছিল মডেলিং দিয়ে। নৃত্যেও পারদর্শী, সেই সুবাদে বিভিন্ন নাচের অনুষ্ঠানেও দেখা যেত তাকে।

বিস্তারিত ▸ পৃষ্ঠা ৬



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন

### প্রিমিয়ার ইউনিভার্সিটির ওরিয়েন্টেশন প্রোগ্রামে ড. অনুপম সেন

# শিক্ষার্থীদের মানবসম্পদ করতে হবে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়ার কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসা-প্রশাসন বিভাগের বিবিএ ৪৪তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ২৬ অক্টোবর সকাল ১১টায় অনুষ্ঠিত এই ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির পাচার্য প্রফেসর ড. অনুপম সেন।

বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রফেসর ড. অনুপম সেন বলেন, স্কুল-কলেজের শিক্ষা শেষে তোমরা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছো। বস্তুত তোমরা একটা বিশাল ক্ষেত্রে এসেছো। স্কুল-কলেজের শিক্ষা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মধ্যে বড়ো তফাৎ রয়েছে। প্রাইমারিতে শিক্ষকরা তোমাদের হাত ধরে শিখিয়েছে। মাধ্যমিকে তোমরা একটু স্বাধীন হয়ে শিখেছো। কলেজে তোমরা আরও স্বাধীন হলেও সেখানে তোমরা পড়েছো নির্দিষ্ট সংখ্যক বই। বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান। এখানে নানা ধরনের বিশ্ববিদ্যা শিক্ষা দেওয়া হয়। শিক্ষকরা এমন সব উৎস বিশ্ববিদ্যালয়ে তোমাদের দেবেন, যেসব উৎস অনুসরণ করে তোমরা জ্ঞানের পরিসর ক্রমশ বৃদ্ধি করতে পারবে। ড. অনুপম সেন সময়ের ব্যবধানে বিজনেসের ধরন ও কৌশল পরিবর্তন হয় উল্লেখ করে বলেন, এমাজনের শুরু হয়েছিল অনলাইনে বইয়ের ব্যবসা দিয়ে। কিন্তু এখন এমাজন যুক্তরাষ্ট্র ও অন্যান্য দেশে সব ধরনের পণ্য অনলাইনে অর্ডার গ্রহণ করে ঘরে ঘরে পৌঁছে দেয়; যার ফলে আমেরিকার বড়ো বড়ো সুপার স্টোর, যেমন, ওয়াল মার্টের ব্যবসায় ধস নামে। ওয়াল মার্ট 'ফরচুন-৫০০'-এ ১ নম্বর ব্যবসা প্রতিষ্ঠান থেকে এখন অনেক নিচে নেমে গেছে। এভাবেই বিজনেসের ধরন বদলায়। ব্যবসা বিষয়ক শিক্ষার্থীদের শিক্ষা বিষয়ক জ্ঞান আহরণ করতে হবে বইয়ের পঠন-পাঠন থেকে এবং বিশ্বে ব্যবসার যে-নানা পরিবর্তন হচ্ছে তার সম্যক জ্ঞান অর্জন করে। ড. সেন শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ মানবিক মানুষ হওয়ার আহ্বান জানান।

উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীন শিক্ষার্থীদের বলেন, তোমরা বিশ্ববিদ্যার স্বপ্ন ও আগ্রহ নিয়ে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পদার্পণ করেছো। এই স্বপ্ন ও আগ্রহ লালন করার সুযোগ তোমরা এখানে পাবে। এই স্বপ্নই তোমাদের পথ দেখিয়ে সামনে এগিয়ে নিয়ে যাবে। তোমাদের মেধাকেও তোমরা এখানে লালন করতে পারবে।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আমরা যদি একটি মানবিক মূল্যবোধসম্পন্ন জাতি গড়ে তুলতে না পারি, তাহলে আমাদের দেশের সকল উন্নয়ন অর্থহীন হয়ে যাবে। এ কারণে শিক্ষার্থীদের মানবসম্পদ হিসেবে গড়ে উঠতে হবে। এজন্য শিক্ষকদের দিক-নির্দেশনা শিক্ষার্থীদের যথাযথভাবে অনুসরণ করা দরকার। ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ বলেন, ছাত্রজীবনের মধ্যে সবচেয়ে সেরা সময় হলো বিশ্ববিদ্যালয়-জীবন। নবীন এই শিক্ষার্থীরা এটাকে সদ্ব্যবহার করলে তাদের ভবিষ্যত জীবন উজ্জ্বল হবে। বজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 27 October 2022, Page: 3, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-10-27